

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ৩৫তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে অপূরণকৃত ৩৩৮টি সংরক্ষিত পদ এবং ৩৬তম বিসিএস এর ২১৮০টি শূন্য পদ ৩৬তম বিসিএস পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য পদ সংরক্ষণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের স্মারকের শর্ত এককালীন শিথিলকরণ।

নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৪৩.১৬-৫২—উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০২-২০১০ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

- (ক) ৩৫তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে অপূরণকৃত ৩৩৮টি সংরক্ষিত পদ ৩৬তম বিসিএস পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ সংক্রান্ত স্মারকের নির্দেশনা শিথিল করিয়া এই পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে।
- (খ) ৩৬তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে মুক্তিযোদ্ধা কোটার কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অপূরণকৃত পদসমূহ একইভাবে উল্লিখিত স্মারকের নির্দেশনা শিথিলক্রমে পূরণ করা হইবে।

ড. মো: মোজাম্মেল হক খান

সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫১৩)

মূল্য : টাকা ৪.০০